



“বৃক্ষরোপণে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২৩” প্রদানের জন্য আবেদন আহ্বানের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় এ বছরও “বৃক্ষরোপণে মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২৩” প্রদান করা হবে। সেমতে ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোণা ও কিশোরগঞ্জ জেলাসমূহের আত্মহী ব্যক্তি, গবেষক, বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থার নিকট হতে “বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার প্রদানের নীতিমালা (সংশোধনী)-২০২১” মোতাবেক মোট ০৭ টি শ্রেণীতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। এতৎসংক্রান্ত আবেদনপত্র বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ বন বিভাগ, সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সংশ্লিষ্ট সহকারী বন সংরক্ষকের কার্যালয়, রেঞ্জ কর্মকর্তার কার্যালয় ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র হতে সংগ্রহ করা যাবে। এছাড়া অত্র বন বিভাগের ওয়েব সাইড (forest.mymensingh.gov.bd) হতে ফরম সংগ্রহ করা যাবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করত: সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে, রেঞ্জ কর্মকর্তার কার্যালয়ে, ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্রে আগামী ৩০/১১/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দাখিল করতে হবে। প্রয়োজনে আবেদন সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী বন সংরক্ষকের কার্যালয়, রেঞ্জ কর্মকর্তার কার্যালয়, ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র হতে জানতে পারা যাবে।

পুরস্কারের শ্রেণি-৭ টি (ক) প্রাথমিক বিদ্যালয়/ উচ্চ বিদ্যালয়/ এবতেদায়ী মাদ্রাসা/ সিনিয়র মাদ্রাসা/ কলেজ/ বিশ্ববিদ্যালয় (খ) ইউনিয়ন পরিষদ/ উপজেলা পরিষদ/ জেলা পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন/ অধিদপ্তর/ পরিদপ্তর/ সেক্টর কর্পোরেশন/ প্রতিষ্ঠান/ এনজিও/ ক্লাব/ স্বেচ্ছাসেবী সংস্থা (গ) ব্যক্তি পর্যায়ে বৃক্ষরোপণ (ঘ) ব্যক্তি মালিকানাধীন নার্সারি (ঙ) বাড়ির ছাদে বাগান সৃজন (চ) বন বিভাগ কর্তৃক সৃজিত বাগান (উপকূলীয় এলাকায় সৃজিত বাগানসহ অন্যান্য সকল ধরনের বাগান) ও (ছ) বৃক্ষ গবেষণা/ সংরক্ষণ/ উদ্ভাবন। প্রতি শ্রেণীতে ১ম, ২য় ও ৩য় পুরস্কার প্রদান করা হবে। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ
(আ.ন.ম. আব্দুল ওয়াদুদ)
বিভাগীয় বন কর্মকর্তা
ময়মনসিংহ বন বিভাগ।

পত্র নং- ২২.০১.০০০০.৬২৪.৪০.০০১.২৩.৩৫৮১

তারিখ : ২৪/০৯/২০২৩ খ্রি.

সংশ্লিষ্ট বিজ্ঞপ্তির অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- মাননীয় জাতীয় সংসদ সদস্য, সংসদীয় আসন -
- মাননীয় মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ।
- উপাচার্য,
- প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- উপ প্রধান বন সংরক্ষক, পরিকল্পনা উইং/সামাজিক বনায়ন উইং, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- বিভাগীয় কমিশনার,
- রেঞ্জ ডি আই জি,
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী.....
- পরিচালক.....
- বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল, বন ভবন, মহাখালী, ঢাকা।
- জেলা প্রশাসক,
- পুলিশ সুপার,
- সিভিল সার্জন,
- প্রধান নির্বাহী কর্মকর্তা.....
- বিভাগীয় বন কর্মকর্তা (সকল),
- উপ-পরিচালক.....
- নির্বাহী প্রকৌশলী.....
- জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা.....
- জেলা সমাজ সেবা কর্মকর্তা,
- উপজেলা নির্বাহী অফিসার, ও সভাপতি, বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২৩ সংক্রান্ত উপজেলা কমিটি।
- সহকারী বন সংরক্ষক, ময়মনসিংহ/জামালপুর/শেরপুর/নেত্রকোণা/কিশোরগঞ্জ জেলা ও ভালুকা জোন, ময়মনসিংহ বন বিভাগ।
- অধ্যক্ষ.....
- প্রধান শিক্ষক.....
- রেঞ্জ কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ময়মনসিংহ বন বিভাগ। ডাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- সভাপতি/সাধারণ সম্পাদক.....
- জনাব/জনাবা.....
- নোটিশ বোর্ড।

স্বাঃ
(আ.ন.ম. আব্দুল ওয়াদুদ)
বিভাগীয় বন কর্মকর্তা
ময়মনসিংহ বন বিভাগ।

২৪/০৯/২০২৩